

## স্বাস্থ্য ও নিরাপত্তা আইন বিষয়ক নতুন পোস্টারে বিস্তারিত কি কি বিষয় থাকা প্রয়োজন বলে মনে করেন?

### (What details do you need to put on the new health and safety law poster?)

The Health and Safety Law পোস্টারে তিনটি অংশ থাকবে যা পূরণ করতে হবে।

এগুলো হচ্ছেঃ

#### কর্মচারী প্রতিনিধি(গণ)ঃ

এই ঘরটি Safety Representatives and Safety Committee regulations 1977 (যদি কর্মস্থানে ট্রেড ইউনিয়ন থাকে) অথবা Consultation with Employee Regulations 1996 (যদি কোন প্রতিনিধিত্বশীল ইউনিয়ন না থাকে)-এর আওতায় কর্মচারীদের দ্বারা নিযুক্ত/ নির্বাচিত প্রতিনিধির জন্য।

যদি কর্মচারীদের দ্বারা নিযুক্ত/নির্বাচিত কেউ না থাকেন এবং নিয়োগকর্তা সরাসরি কর্মচারীদের সাথে পরামর্শ করেন, তাহলে ঘরটি খালি রাখতে হবে।

- **Consulting employees on health and safety : a guide to the law** - ফ্রি লিফলেট।

#### ব্যবস্থাপনা প্রতিনিধি

এই ঘর স্বাস্থ্য ও নিরাপত্তার জন্য নিয়োগকর্তা কর্তৃক নিযুক্ত ব্যক্তির (অর্থাৎ স্বাস্থ্য ও নিরাপত্তা অফিসার) জন্য।

The Management of Health and Safety at Work Regulations 1999-এর রেগুলেশন ৭ এ বলা হয়েছে, প্রত্যেক নিয়োগকর্তা বিধিমালা কর্তৃক তাঁর ওপর আরোপিত শর্তাদি পালনার্থে ব্যবস্থা গ্রহণে তাঁকে সহায়তার জন্য এক বা একাধিক যোগ্য ব্যক্তিকে নিযুক্ত করবেন। শেষ পর্যন্ত এটা নিয়োগকর্তা নিজে হতে পারেন, যা ব্যবসার আকার ও কাঠামোর উপর নির্ভর করে এবং নিয়োগকর্তার যদি প্রাসঙ্গিক প্রশিক্ষণ ও অভিজ্ঞতা থাকে।

#### আইন প্রয়োগকারী কর্তৃপক্ষ

স্বাস্থ্য ও নিরাপত্তার জন্য আপনার আইন প্রয়োগকারী কর্তৃপক্ষ কে হবে তা যে ধরনের ব্যবসা আপনি চালান তার উপর নির্ভর করে। আপনার আইন প্রয়োগকারী কর্তৃপক্ষ কে তা স্থির করতে আপনাকে বিবেচনা করতে হবে কোন ধরনের কর্মস্থানে আপনি নিযুক্ত আছেন।

এইচএসই যে ধরনের সম্পত্তিতে আইন প্রয়োগ করে তা হলো ফ্যাক্টরী, বিল্ডিং নির্মাণস্থল, খনি, খামার, মেলা অঙ্গন, পাথর ইত্যাদির আহরণস্থল, রেলপথ, রাসায়নিক কারখানা, উপকূলবর্তী ও পারমাণবিক স্থাপনাসমূহ, স্কুল ও হাসপাতাল।

- **সকল এইচএসই অঞ্চলসমূহের একটি ম্যাপ/তালিকা।**

লোকাল অথরিটিগুলো যে সব সম্পত্তিতে আইন প্রয়োগ করে তা হলো খুচরা ব্যবসা, কতিপয় পণ্যগুদাম, প্রায় সব অফিস, হোটেল ও ক্যাটারিং ব্যবসা, খেলাধুলা, অবকাশ্যাপন ক্ষেত্র, ভোক্তাদের সেবা ও উপাসনার স্থান। আপনার লোকাল অথরিটির বিস্তারিত তথ্য স্থানীয় টেলিফোন ডাইরেক্টরীতে পাবেন, অথবা আমরা ফোন নাম্বার দিতে পারব যদি আপনি কোন্ কাউন্সিলের এলাকায় বাস করেন তা জানান।

এমপ্লয়মেন্ট মেডিক্যাল এ্যাডভাইসারী সার্ভিস (উখঅজ)

EMAS ডিপার্টমেন্টগুলো স্থানীয় HSE অফিসে অবস্থিত, যদিও কিছু ছোট এরিয়া অফিসে তা নেই।